

♣ উত্তরপত্র

১৩ তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা- (কলেজ পর্যায়)

**Total questions : 100 Total marks : 100**

1) একটি বাঁশের  $\frac{1}{8}$  অংশ কাদায়,  $\frac{3}{5}$  অংশ পানিতে এবং ৩ মিটার পানির উপরে আছে। বাঁশটির সম্পূর্ণ দৈর্ঘ্য কত?

- 1) ১২ মি.
- ✓ 2) ২০ মি.
- 3) ১৫ মি.
- 4) ১৬ মি.

ব্যাখ্যা : ধরি, সম্পূর্ণ দৈর্ঘ্য  $x$  মি

তাহলে,  $x - (x/8 + 3x/5) = 3$

বা,  $x - 19x/20 = 3$

বা,  $0x = 3 \times 20$

বা,  $x = 20$  মিটার

2) বাংলা ভাষাকে বাংলাদেশ ব্যতীত যে দেশের রাষ্ট্রভাষা করা হয়েছে-

- ✓ 1) সিয়েরালিওন
- 2) সোমালিয়া
- 3) লিবিয়া
- 4) নেপাল

ব্যাখ্যা : পৃথিবীর বুকে বাংলাদেশ ব্যতীত আরো একটা দেশ আছে যাদের রাষ্ট্রীয় ভাষা হিসেবে বাংলা স্বীকৃতি পেয়েছে। দেশটি সিয়েরা লিওন। বাংলাদেশ থেকে ১৫ হাজার কিলোমিটার দূরের এ দেশে বাংলা ব্যবহৃত হচ্ছে তাদের অফিসিয়াল ভাষা হিসেবে।

3) বাক্যে বিস্ময়সূচক (!) চিহ্ন থাকলে কতক্ষণ থামতে হয়?

- 1) চার সেকেন্ড
- ✓ 2) এক সেকেন্ড
- 3) তিন সেকেন্ড
- 4) দুই সেকেন্ড

ব্যাখ্যা : বাক্যে বিস্ময়সূচক (!) চিহ্ন থাকলে, 'এক সেকেন্ড' থামতে হয়। এরূপ - জিজ্ঞাসা চিহ্ন, কোলন, কোলন ডায়াস ও ডায়াস চিহ্নেও '১' এক সেকেন্ড' থামতে হয়।

4) বাংলা ভাষারীতির কয়টি রূপ?

- ✓ 1) দুইটি
- 2) চারটি
- 3) পাঁচটি
- 4) তিনটি

ব্যাখ্যা : বাংলা ভাষারীতির রূপ দুটি। সাধু ভাষা রীতি ও চলিত ভাষা রীতি। যে ভাষা সুনির্ধারিত ব্যাকরণ অনুসরণ করে চলে সটি সাধু ভাষা রীতি। আর চলিত ভাষা রীতি পরিবর্তনশীল।

5) When you make a promise, you must not go \_\_\_ on it.

- 1) around
- 2) along
- 3) by
- ✓ 4) back

ব্যাখ্যা : যখন তুমি প্রতিজ্ঞা কর, তোমাকে এর থেকে সরে যাওয়া ঠিক হবে না। (a) go by - অতিক্রান্ত হওয়া ; (b) go around - ব্যবহার নেই ; (c) go along - অগ্রসর হওয়া ; (d) go back on - প্রতিশ্রুতি পালনে ব্যর্থ। The answer is (d).

6) ছয় অংকের ক্ষুদ্রতম সংখ্যা ও চার অংকের বৃহত্তম সংখ্যার অন্তর কত?

- 1) 1
- 2) 0
- 3) 90000
- ✓ 4) 90001

ব্যাখ্যা : ছয় অংকের ক্ষুদ্রতম সংখ্যা = 100000

চার অংকের বৃহত্তম সংখ্যা = 9999

=> অন্তর = 100000 - 9999

= 90001

7) We helped him \_\_\_ the work.

- 1) in finishing
- ✓ 2) to finish
- 3) had finish
- 4) finishing

ব্যাখ্যা : Help verb - টির infinitive এবং bare infinitive দুটিই ব্যবহার করা যায়। তাই সঠিক উত্তর to finish or finish.

8) 3 cm, 4 cm এবং 5 cm ব্যাসার্ধ বিশিষ্ট তিনটি গোলক গলিয়ে একটি গোলক তৈরি করা হলে গোলকের ব্যাসার্ধ কত?

- ✓ 1) 6 cm
- 2) 8 cm
- 3) 5 cm
- 4) 7 cm

ব্যাখ্যা : নতুন গোলকের ব্যাসার্ধ  $=\sqrt[3]{(3^3+4^3+5^3)}$  cm  
 $=\sqrt[3]{216}$  cm  
 $=\sqrt[3]{6^3}$   
 $=6$

9) 'Black and blue' means-

- 1) mercifully
- 2) hopefully
- ✓ 3) mercilessly
- 4) sympathetically

ব্যাখ্যা : Black and blue - বেদম প্রহার বা to beat mercilessly । অন্যদিকে mercifully (adj) করুণার সাথে / দয়ার সাথে , sympathetically (adv) সহানুভূতির সাথে এবং hopefully (adv) - আশাপ্রদরূপে ।

10) 'তাকে তিরস্কার করা হয়েছিল' এর শুদ্ধ ইংরেজি কি-

- 1) He was brought to brim
- 2) He was punished
- ✓ 3) He was brought to book
- 4) He was dishonored

ব্যাখ্যা : Bring to book অর্থ তিরস্কার করা ।

11) What type of man is quite the opposite type of 'Supercilious'?

- 1) Disdainful
- ✓ 2) Affable
- 3) Haughty
- 4) Wicked

ব্যাখ্যা : supercilious (অতিপ্রাকৃত)- (adjective) synonyms: arrogant, haughty, conceited, disdainful, overbearing, pompous, condescending, superior, patronizing, imperious proud, lofty, lordly. Affable-সহানুভূতিশীল

12) কোন পরীক্ষায় পরীক্ষার্থীর ৮০% গণিতে এবং ৭০% বাংলায় পাস করল। উভয় বিষয়ে পাস করল ৬০%। উভয় বিষয়ে শতকরা কতজন ফেল করল?

- 1) 15%
- 2) 20%
- ✓ 3) 10%
- 4) 30%

ব্যাখ্যা : একমাত্র গণিতে পাস করেছে (৮০ - ৬০)% = ২০%

একমাত্র বাংলাতে পাস করেছে (৭০ - ৬০)% = ১০%

মোট পাস = (৬০ + ২০ + ১০)% = ৯০%

উভয় বিষয় ফেল = (১০০ - ৯০)% = ১০%

13) পারকী সমুদ্রসৈকত কোথায় অবস্থিত

- 1) পটুয়াখালী
- 2) বরগুনা
- ✓ 3) চট্টগ্রাম
- 4) কক্সবাজার

ব্যাখ্যা : কর্ণফুলী নদীর মোহনার পশ্চিম তীরে পতেঙ্গা সমুদ্র সৈকত এবং দক্ষিণ-পূর্ব তীরে এ সমুদ্র সৈকত অবস্থিত। চট্টগ্রাম সার কারখানা ও কাফকো যাবার পথ ধরে এ সৈকতে যেতে হয়। আনোয়ারা থানায় অবস্থিত ১৩ কিলোমিটার দীর্ঘ সমুদ্র সৈকত এটি। চট্টগ্রামের নেভাল একাডেমি কিংবা বিমানবন্দর এলাকা থেকে কর্ণফুলী নদী পেরোলেই পারকি চর।

14) নাদ শব্দের অর্থ কি?

- 1) বাঘের ডাক
- 2) মেঘের ডাক
- 3) ময়ূরের ডাক
- ✓ 4) সিংহের ডাক

ব্যাখ্যা : ময়ূরের ডাক - কেকা

কোকিলের ডাক - কুহু।

সিংহের ডাক - নাদ।

হাতির ডাক - বৃংহতি।

কুকুরের ডাক - বুঙ্কন।

15) দুটি সন্নিহিত কোণের সমষ্টি 180° হলে একটিকে অপরটির কি কোণ বলে?

- 1) সন্নিহিত কোণ
- 2) সমকোণ

- ✓ 3) সম্পূরক কোণ
- 4) পূরক কোণ

ব্যাখ্যা : আমরা জানি দুইটি কোণের সমষ্টি ১৮০ ডিগ্রী হলে একে অপরকে সম্পূরক কোণ বলে।

16) একটি বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য  $4\sqrt{2}$  একক হলে, ঐ বর্গক্ষেত্রের ক্ষেত্রফল কত বর্গ একক?

- 1) 32 বর্গ একক
- ✓ 2) 16 বর্গ একক
- 3) 24 বর্গ একক
- 4) 8 বর্গ একক

ব্যাখ্যা : আমরা জানি, বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য =  $a\sqrt{2}$

$$a\sqrt{2} = 4\sqrt{2}$$

$$\Rightarrow a = 4\sqrt{2}/\sqrt{2}$$

$$\Rightarrow a = 4$$

সুতরাং, বর্গক্ষেত্রের ক্ষেত্রফল,  $a^2 = 4^2 = 16$  বর্গ একক

17) একটি সরল রেখার উপর অঙ্কিত বর্গের ক্ষেত্রফল ঐ সরলরেখার এক-চতুর্থাংশের উপর অঙ্কিত বর্গের ক্ষেত্রফলের কতগুণ?

- ✓ 1) ১৬
- 2) ৮
- 3) ৪
- 4) ২

ব্যাখ্যা : মনে করি, সরল রেখাটির দৈর্ঘ্য =  $x$

এর উপর অঙ্কিত বর্গের ক্ষেত্রফল =  $x^2$

সরলরেখাটির এক - চতুর্থাংশ ( $x/4$ ) ক্ষেত্রফল =  $x^2/16$

$$\therefore x^2 \div (x^2/16)$$

$$= x^2 \times (16/x^2)$$

$$= 16 \text{ গুণ}$$

18) টি-২০ বিশ্বকাপে বাংলাদেশের একমাত্র শত রানকারী কে?

- 1) সাব্বির
- ✓ 2) তামিম
- 3) মাসরাফী
- 4) সাকিব

ব্যাখ্যা : টি - ২০ বিশ্বকাপে বাংলাদেশের একমাত্র শতরানকারী তামিম ইকবাল । ১৩ মার্চ ২০১৬ ষষ্ঠ টি - ২০ বিশ্বকাপের প্রথম পর্ব ওমানের বিপক্ষে ৬৩ বলে অপরাধিত ১০৩ রান করেন।

19) উয়ারী-বটেশ্বর প্রত্নতাত্ত্বিক নিদর্শন কোন জেলায় পাওয়া গিয়েছে?

- ✓ 1) নরসিংদী
- 2) শেরপুর
- 3) ময়মনসিংহ
- 4) গাজীপুর

ব্যাখ্যা : উয়ারী-বটেশ্বর বাংলাদেশের রাজধানী শহর ঢাকা থেকে ৭০ কিলোমিটার উত্তর-পূর্বে নরসিংদীর বেলাবো ও শিবপুর উপজেলায় অবস্থিত উয়ারী ও বটেশ্বর নামীয় দুটি গ্রামব্যাপী একটি প্রত্নতাত্ত্বিক স্থান। ধারণা করা হয় এটি মাটির নিচে অবস্থিত একটি দুর্গ-নগরী। বিশেষজ্ঞদের ধারণা অনুযায়ী এটি প্রায় আড়াই হাজার বছরের পুরনো।

20) বৃত্তের বহিঃস্থ কোন বিন্দু হতে কয়টি স্পর্শক আঁকা যায়?

- 1) ৩ টি
- ✓ 2) ২ টি
- 3) ১ টি
- 4) ৪ টি

ব্যাখ্যা : বৃত্তের বহিঃস্থ কোনো বিন্দু থেকে ২ টি স্পর্শক আঁকা যায়।

21) একটি ধনাত্মক সংখ্যার দ্বিগুণের বর্গের সাথে ১৫ যোগ করলে ৪১৫ হয়। সংখ্যাটি কত?

- 1) ১৫
- ✓ 2) ১০
- 3) ২০
- 4) ১১

ব্যাখ্যা : ধরি,

সংখ্যাটি 'ক'

তাহলে,  $(২ক)^2 + ১৫ = ৪১৫$

বা,  $(২ক)^2 = ৪১৫ - ১৫$

বা,  $(২ক)^2 = ৪০০$

বা,  $২ক = ২০$

বা,  $ক = ১০$

22) He fought \_\_\_\_ to defeat the enemy.

- 1) to the quick
- ✓ 2) tooth and nail
- 3) to and fro
- 4) set out

ব্যাখ্যা : tooth and nail - যথাসাধ্য প্রবলভাবে চেষ্টা করা । Set out অর্থ সুন্দরভাবে সাজানো, to and fro - এদিক - ওদিক ; to the quick - একটি অসম্পূর্ণ phrase । answer - (ক) ।

23) শুদ্ধ বানান কোনটি?

- 1) নিরপরাধী
- ✓ 2) প্রাণিকুল
- 3) দারিদ্র্যতা
- 4) স্বার্থকতা

ব্যাখ্যা : প্রাণিকুল বানানটি শুদ্ধ । 'নিরপরাধী' শব্দটির শুদ্ধ বানান নিরাপরাধ । 'দারিদ্র্যতা' শব্দটির শুদ্ধ বানান 'দারিদ্র্য' । স্বার্থকতার শুদ্ধ বানান হলো সার্থকতা ।

24) Choose the correct synonym for 'Extempore'

- 1) Planned
- 2) Improvise
- ✓ 3) Impromptu
- 4) Immediate

ব্যাখ্যা : Extempore - পূর্বপ্রস্তুতিহীন ; উপস্থিত । Planned - পরিকল্পিত , Improvise - তাৎক্ষণিক ভাবে উদ্ভাবন বা প্রস্তুত করা ; Impromptu - প্রত্যাৎপন্ন ; পূর্বপ্রস্তুতিহীন ;

25) Had I been a king, I \_\_

- ✓ 1) would have helped the poor.
- 2) have helped the poor
- 3) had helped the poor
- 4) helped the poor

ব্যাখ্যা : Third conditional - এর structure হচ্ছে প্রথমে Past Perfect tense থাকলে, পরে Subject + Would /Could /might + have + v3 ব্যবহৃত হবে ।

26) The antonym of the word "Benign" is-

- 1) Blessed
- 2) Peaceful
- ✓ 3) Malignant
- 4) Beginning

ব্যাখ্যা : Antonyms of Benign- destructive, insidious, malignant, noxious, pestilent, polluted, tainted.

27) যদি  $x^2 + 1/x^2 = 38$  হয়, তবে  $x - 1/x = ?$

- ✓ 1)  $\pm 6$
- 2)  $\pm 40$
- 3)  $\pm 5$
- 4)  $\pm 7$

ব্যাখ্যা : দেওয়া আছে,

$$x^2 + 1/x^2 = 38$$

$$\text{বা, } (x-1/x)^2 + 2 \cdot x \cdot 1/x = 38$$

$$\text{বা, } (x-1/x)^2 = 36$$

$$\text{বা, } x-1/x = \pm 6$$

28) কোনটি দ্বিগু সমাস?

- 1) মনগড়া
- ✓ 2) সপ্তাহ
- 3) পরিভ্রমণ
- 4) আমরণ

ব্যাখ্যা : 'সপ্তাহ' দ্বিগু সমাস। সমাহার (সমষ্টি) বা মিলন অর্থ সংখ্যাবাচক শব্দের সঙ্গে বিশেষ্য পদের যে সমাস হয় তাই দ্বিগু সমাস। 'সপ্তাহ' বিশ্লেষণ করলে পাই - সপ্ত অহের সমাহার।

29) বাংলাদেশ সরকারের প্রধান আইন কর্মকর্তা হলেন-

- ✓ 1) এটর্নি জেনারেল
- 2) জাতীয় সংসদ
- 3) আইনমন্ত্রী
- 4) প্রধান বিচারপতি

ব্যাখ্যা : বাংলাদেশ সরকারের প্রধান আইন কর্মকর্তা হলেন এটর্নি জেনারেল। এটর্নি জেনারেল হলো বাংলাদেশ সরকারের প্রধান ও মুখ্য আইন পরামর্শক এবং বাংলাদেশ সুপ্রিম কোর্টে সরকারের প্রাথমিক আইনজীবী। বাংলাদেশ সংবিধানের ৬৪(১) অনুচ্ছেদবলে রাষ্ট্রপতি তাঁকে নিয়োগদান করেন। বাংলাদেশের বিচার বিভাগের প্রধান হলেন প্রধান বিচারপতি। জাতীয় সংসদের সভাপতি হলেন মাননীয় স্পিকার। বাংলাদেশের আইন মন্ত্রণালয়ে নির্বাহী - প্রধান হলেন আইনমন্ত্রী।

30) এক ব্যক্তি 240 টাকায় কতগুলো পেন্সিল কিনে দেখল যে, যদি সে একটি পেন্সিল বেশী পেত তাহলে প্রতিটি পেন্সিলের মূল্য 1 টাকা কম হত। ঐ ব্যক্তি কতটি পেন্সিল কিনেছিল?

- 1) 16 টি
- ✓ 2) 15 টি
- 3) 13 টি

4) 14 টি

ব্যাখ্যা : মনেকরি,

ঐ ব্যক্তি  $x$  টি পেন্সিল কিনেছিল। এখন,,

$$(240/x) - (240/x+1) = 1$$

$$\Rightarrow 240x + 240 - 240x = x(x+1)$$

$$\Rightarrow 240 = x^2 + x$$

$$\Rightarrow x^2 + 16x - 15x - 240 = 0$$

$$\Rightarrow x(x+16) - 15(x+16) = 0$$

$$\Rightarrow (x+16)(x-15) = 0$$

সুতরাং, ঐ ব্যক্তি 15 টি পেন্সিল কিনেছিল।

31) What is the verb form of 'Power'?

- 1) Enpower
- 2) Powerful
- 3) Powerfully
- ✓ 4) Empower

ব্যাখ্যা : Power (n) অর্থ শক্তি, ক্ষমতা। শব্দটির verb form হচ্ছে empower (কাউকে শক্তি বা ক্ষমতা প্রদান করা) ; powerful (শক্তিশালী) এবং powerfully (জোরে বা প্রবলভাবে) শব্দ দুটি যথাক্রমে adjective এবং adverb।

32) 'নয়ন' শব্দটির সঠিক প্রত্যয় নির্ণয়-

- ✓ 1) নী+অন
- 2) নে+অন
- 3) নয়+ন
- 4) নৌ+অন

ব্যাখ্যা : 'নয়ন' শব্দটির সঠিক প্রত্যয় নির্ণয় - নী + অন। একুপ - অন প্রত্যয়ে গঠিত শব্দ - গমন (গম + অন), শয়ন (শী + অন), চরণ (চর + অন)।

33) What is the plural of 'Magus'?

- 1) Maguses
- ✓ 2) Magi
- 3) Magus
- 4) Magux

ব্যাখ্যা : The plural form of a magus is magi. Magus (n) - পুরোহিত এবং Plural number বা বহুবচন হচ্ছে Magi যার অর্থ পুরোহিত মণ্ডলী।

34) সোমপুর বিহার কে প্রতিষ্ঠা করেন?

- 1) শশাংক
- ✓ 2) ধর্মপাল
- 3) রাজা গোপাল
- 4) দেবপাল

ব্যাখ্যা : পাহাড়পুর বা সোমপুর বিহার প্রতিষ্ঠা করেন ধর্মপাল। এ বিহারটি ৮ - ৯ শতকে নির্মিত হয়। এ বিহারটি নওগাঁর বদলগাছিতে অবস্থিত।

35) তৎকালীন পাকিস্তানে শিক্ষা আন্দোলন হয় কত সালে?

- 1) ১৯৬৮
- ✓ 2) ১৯৬২
- 3) ১৯৫৬
- 4) ১৯৬৬

ব্যাখ্যা : ১৯৫৯ সালে আইয়ুব খান তৎকালীন শিক্ষা সচিব এস এম শরীফকে চেয়ারম্যান করে ১১ সদস্যবিশিষ্ট শিক্ষা কমিশন গঠন করে। ঐ কমিশন পাকিস্তানি শাসকগোষ্ঠীর লক্ষ্য ও স্বার্থের প্রতিফলন ঘটিয়ে একটি গণবিরোধী শিক্ষানীতি প্রণয়ন করেন। অগণতান্ত্রিক ও ছাত্র স্বার্থবিরোধী এ শিক্ষানীতির বিরুদ্ধে পূর্ব পাকিস্তানের ছাত্র সমাজ তীব্র আন্দোলন ও সংগ্রাম গড়ে তোলে। ১৭ সেপ্টেম্বর ১৯৬২ এ শিক্ষানীতির বিরুদ্ধে মিছিল বের করলে হাইকোর্টের সামনে পুলিশ গুলি চালায়। নিহত হন বাবুল, মোস্তফা, ওয়াজীউল্লাহসহ অনেকে। সেই থেকে প্রতিবছর ১৭ সেপ্টেম্বর বিভিন্ন রাজনৈতিক এবং সামাজিক সংগঠন এ দিনটিকে মহান শিক্ষা দিবস হিসেবে পালন করে।

36) যদি সেলফোনের পূর্বের কলরেট ও বর্তমান কলরেটের অনুপাত 5 :3 হয়, তবে পূর্বের কলরেটের তুলনায় বর্তমান কলরেট শতকরা কত হ্রাস পেয়েছে?

- 1) 30%
- 2) 35%
- 3) 45%
- ✓ 4) 40%

ব্যাখ্যা : কলরেট হ্রাস পেয়েছে  $= (2/5 * 100)\% = 40\%$

37) What is the synonym of the word "Repress"?

- ✓ 1) Control
- 2) Reoesent
- 3) Repute
- 4) Republish

ব্যাখ্যা : **Repress (v)** - দমিয়ে রাখা/ চেপে রাখা। **Control (v)** - দমন করা /নিয়ন্ত্রণ করা ; **Represent (v)** - প্রতিনিধিত্ব করা, **Republish (v)** - পুনর্মুদ্রণ এবং **Repute (v)** - সকলের বিবেচনায় অথবা ধারণায় কোনো কিছু হওয়া। অর্থের বিবেচনায় সঠিক উত্তর (ক) ।

38) সূর্য হতে পৃথিবীতে আলো এসে পৌঁছাতে সময় লাগে প্রায়-

- 1) ৭ মিনিট
- 2) ৯ মিনিট
- 3) ১০ মিনিট
- ✓ 4) ৮ মিনিট

ব্যাখ্যা : সূর্য থেকে পৃথিবী প্রায় ১৫ কোটি ১৪ লাখ কিলোমিটার দূরে অবস্থিত। সূর্যের আলো পৃথিবীতে আসতে সময় লাগে ৮ মিনিট ২০ সেকেন্ড।

39) 'অলীক' এর বিপরীত শব্দ-

- 1) কল্পনা
- 2) আয়ত্ত
- ✓ 3) বাস্তব
- 4) উন্নতি

ব্যাখ্যা : 'অলীক' এর বিপরীত শব্দ হলো 'বাস্তব' অর্থাৎ কল্পনা আর 'অলীক' - এর প্রতিশব্দ হলো কল্পনা, মিথ্যা ।

40) 'He acted on my advice' - complex form of this sentence is \_\_

- 1) He advised him that he acted
- ✓ 2) He acted as I advised him
- 3) He acted according to my advice
- 4) He advised him and he acted

ব্যাখ্যা : He acted on my advice বাক্যটি একটি simple sentence । Complex sentence এর clause গুলো as, since , because, if, till, although ইত্যাদি দ্বারা যুক্ত থাকে।

41)  $1 + 5 + 9 + \dots + 81 = ?$

- ✓ 1) 861
- 2) 21
- 3) 840
- 4) 841

ব্যাখ্যা : ধারাটির ,  $n$  - তম পদ =  $a + (n - a)d$

বা,  $81 = 1 + (n - 1) 4$

বা,  $81 = 1 + n - 4$

$$\text{বা } 4n = 84$$

$$\therefore n = 21$$

$$\therefore \text{সমষ্টি} = 21/2\{2.1+(21-1).4\}$$

$$= 21/2 \{2+80\}$$

$$= 21*41$$

$$= 861$$

42) কোনটি দেশি শব্দ?

- 1) চা
- ✓ 2) কুলা
- 3) রিকশা
- 4) কিতাব

ব্যাখ্যা : দেশি শব্দ হলো ; পেট, উদর, চুলা, কুলা, গঞ্জ, ঝাঁটা, খোকা - খুকি, ডাব, ডাগর প্রভৃতি।

43) সম্প্রতি সুন্দরবন এলাকায় কোন নদীতে কয়লাবাহী কার্গো ডুবে যায়?

- 1) মধুমতি
- 2) তিস্তা
- ✓ 3) শ্যালা
- 4) ভৈরব

ব্যাখ্যা : পূর্ব সুন্দরবনের চাঁদপাই রেঞ্জের শ্যালা নদীর মৃগমারী (মংলা) এলাকায় 'সাউদার্ন স্টার সেডেন' নামক একটি তেলবাহী জাহাজের তলা ফেটে একটি তেলবাহী ট্যাংকের ডুবির ঘটনা ঘটে। এ ট্যাংকের সাড়ে তিন লাখ লিটার জ্বালানি তেল ছিল। এ দুর্ঘটনার জন্য বিলুপ্ত প্রায় ইরাবতী ডলফিন ও ম্যানগ্রোভ সুন্দরবনের জীববৈচিত্র্য বিনষ্ট হবে।

44) ষষ্ঠ এর সন্ধি বিচ্ছেদ কোনটি?

- ✓ 1) ষষ্+থ
- 2) ষট+থ
- 3) ষষ্+ঠ
- 4) ষষ্ঠ+থ

ব্যাখ্যা : ব্যঞ্জনধ্বনির সাথে ব্যঞ্জনধ্বনির যে সন্ধি হয়, তাকে ব্যঞ্জনসন্ধি বলে। ষ্ এর পরে ত্ বা থ থাকলে, যথাক্রমে ত্ ও থ স্থানে ট ও ঠ হয়। যেমন : ষষ্ + থ = ষষ্ঠ।

45) বাংলাদেশে প্রথম চায়ের চাষ হয়-

- 1) সিলেটের জাফলং
- 2) সিলেটের শ্রীমঙ্গল

- ✓ 3) সিলেটের মালানী ছড়ায়
- 4) সিলেটের তামাবিল

ব্যাখ্যা : ১৮৪৩ সালে চট্টগ্রামের কর্ণফুলী নদীর তীরে প্রথম চা তৈরি এবং পান করা হয়। বাণিজ্যিকভাবে প্রথম চা চাষ শুরু হয় ১৮৫৭ সালে সিলেটের মালানীছড়া চা বাগানে। সিলেট অঞ্চলের সুব্রমা নদী উপত্যকা পূর্ব বাংলার চা উৎপাদন কেন্দ্র হিসেবে পরিচিতি পায়।

46) বিশেষ ক্রমানুসারে সাজানো ২, ৩, ৫, ৯, ১৭, \_\_\_\_\_ ধারাটির পরবর্তী সংখ্যা কত?

- 1) ৪৫
- ✓ 2) ৩৩
- 3) ২৬
- 4) ৬৫

ব্যাখ্যা : ধারা : ২ ৩ ৫ ৯ ১৭ ৩৩

অন্তর : ১ ২ ৪ ৮ ১৬

∴ পরবর্তী সংখ্যা = ১৭ + ১৬

= ৩৩

47) বঙ্গবন্ধুর আত্মজীবনীমূলক গ্রন্থ “অসমাপ্ত আত্মজীবনী” সর্বশেষ কোন ভাষায় অনূদিত হয়েছে?

- 1) ডাচ
- 2) রুশ
- 3) ফ্রেঞ্চ
- ✓ 4) স্প্যানিশ

ব্যাখ্যা : অসমাপ্ত আত্মজীবনী শেখ মুজিবুর রহমানের আত্মজীবনী সংকলন। ২০১২ সালের জুনে এ বইটি প্রকাশিত হয়। এ পর্যন্ত ক্রমান্বয়ে ইংরেজি, উর্দু, জাপানি, চিনা, আরবি, ফরাসি, হিন্দি, তুর্কি, নেপালি, স্পেনীয়, অসমীয়া, ইতালীয়, মালয়, কোরীয়, রুশ, মারাঠি ও সর্বশেষ গ্রীক ভাষায় বইটির অনুবাদ প্রকাশিত হয়েছে।

48) চন্দ্রের প্রতিশব্দ নয়-

- 1) হিমাংশু
- 2) সোম
- ✓ 3) সবিতা
- 4) দ্বিজরাজ

ব্যাখ্যা : চন্দ্রের প্রতিশব্দ নয় সবিতা। চন্দ্রের প্রতিশব্দ হলো : দ্বিজরাজ, সোম, হিমাংশু। একুপ - সুধাকর, শশী, নিশাকর, রজনীকান্ত ইত্যাদি। সবিতা শব্দের প্রতিশব্দ সূর্য, তপন, রবি প্রভৃতি।

49) ১৮ ফুট উঁচু একটি গাছ এমনভাবে ভেঙ্গে গেল যে, ভাঙ্গা অংশটি বিচ্ছিন্ন না হয়ে ভূমির সাথে ৩০ ডিগ্রী কোণ উৎপন্ন করল। গাছটি মাটি থেকে কত উঁচুতে ভেঙেছিল?

- 1) ১২ ফুট
- 2) ১৫ ফুট
- 3) ৯ ফুট
- ✓ 4) ৬ ফুট

ব্যাখ্যা : ধরি, খুঁটিটি ভূমি হতে ক মিটার উঁচুতে ভেঙেছিল। তাহলে হেলানো অংশের দৈর্ঘ্য (১৮ - ক) ফুট।

প্রথমতে,  $k / (১৮ - ক) = \sin ৩০^\circ$

বা,  $k / (১৮ - ক) = ১/২$

বা,  $২ক = (১৮ - ক)$

বা,  $৩ক = ১৮$

বা,  $ক = ১৮/৩$

বা,  $ক = ৬$

50) ১৯৪৮ সালে পাকিস্তান পরিষদে কে বাংলা ভাষাকে গণপরিষদের অন্যতম ভাষা হিসেবে ব্যবহারের প্রস্তাব রাখেন?

- 1) মাওলানা ভাসানী
- ✓ 2) ধীরেন্দ্রনাথ দত্ত
- 3) আবুল কাশেম
- 4) যোগেশচন্দ্র ঘোষ

ব্যাখ্যা : ১৯৪৮ সালের ২৩শে ফেব্রুয়ারি তারিখে পাকিস্তান গণপরিষদে ইংরেজি ও উর্দুর পাশাপাশি সদস্যদের বাংলায় বক্তৃতা প্রদান এবং সরকারি কাজে বাংলা ভাষা ব্যবহারের জন্য একটি সংশোধনী প্রস্তাব উত্থাপন করেন গণপরিষদ সদস্য ধীরেন্দ্রনাথ দত্ত।

51) বাংলাদেশে প্রথম ও একমাত্র ওয়ার্ল্ড ট্রেড সেন্টার কোথায় অবস্থিত?

- ✓ 1) চট্টগ্রাম
- 2) কুমিল্লা
- 3) ঢাকা
- 4) সিলেট

ব্যাখ্যা : বাংলাদেশে প্রথম ও একমাত্র ওয়ার্ল্ড ট্রেড সেন্টার চট্টগ্রামে অবস্থিত। চট্টগ্রামের আগ্রাবাদে নির্মিত দেশের প্রথম ও একমাত্র ওয়ার্ল্ড ট্রেড সেন্টারের উচ্চতা প্রায় ৯১ মিটার বা ২৯৮ ফুট। এটাই চট্টগ্রামের সর্বোচ্চ ভবন।

52) The girl was reclining \_\_\_ the couch.

- 1) to
- 2) by

- ✓ 3) on
- 4) in

ব্যাক্য : Recline (v) - হেলান দেয়া বা সটান হয়ে শুয়ে পড়া এবং এ শব্দটির সাথে Preposition 'on' বসে।

53) Which one is the correct passive form of the sentence \_\_\_ 'He satisfied everybody.'?

- ✓ 1) Everybody was satisfied with him
- 2) Everybody was satisfied by him
- 3) Everybody would be satisfied at him
- 4) Everybody has been satisfied by him

ব্যাক্য : Passive voice কে Passive করার নিয়ম object + subject হবে, subject - এর number, person, tense অনুযায়ী verb হবে verb এর Past Participle এর Passive form - Everybody + was + satisfied with him.

54) বাংলা ভাষা কোন ভাষা থেকে এসেছে?

- 1) সংস্কৃত
- ✓ 2) গৌড়ীয় প্রাকৃত
- 3) আসামি
- 4) হিন্দি

ব্যাক্য : বাংলা ভাষা 'গৌড়ীয় প্রাকৃত' ভাষা থেকে এসেছে। গৌড়ীয় প্রাকৃত (খ্রি. পূ. ২০০) ভাষা প্রাচীন ভারতীয় আর্য (খ্রি.পূ. ১০০০) ভাষা বংশধর। গৌড়ীয় প্রাকৃত ভাষা গৌড় অপভ্রংশ (আনু . ৪০০ - ৬০০ খ্রি.) ও বঙ্গ - কামরূপী (আনু. ৫০০ খ্রি.) থেকে বাংলা ভাষার উৎপত্তি হয়েছে।

55) The word 'Lunar' is related to ----

- ✓ 1) Moon
- 2) Mars
- 3) Sun
- 4) Earth

ব্যাক্য : (the moon). The lunar orbit is measured by the moon's revolutions.

56) 'গোবর গণেশ' বাগধারাটির অর্থ কী?

- 1) অত্যন্ত অলস
- 2) অপদার্থ
- ✓ 3) নিরেট মূর্খ

#### 4) অপটু

ব্যাখ্যা : 'গোবর গণেশ' অর্থ 'নিরেট মূর্খ। এমন কাছাকাছি অর্থের কিছু বাগধারা পাওয়া যায় যেমন - অকাল কুম্ভাণ্ড, আমড়া কাঠের ঢেঁকি, বুদ্ধির ঢেঁকি ইত্যাদি।

57) একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য প্রস্থের দেড় গুণ, এর ক্ষেত্রফল ৩৮৪ বর্গমিটার হলে পরিসীমা কত?

- 1) 90 মিটার
- 2) 96 মিটার
- ✓ 3) 80 মিটার
- 4) 70 মিটার

ব্যাখ্যা : ধরি, প্রস্থ 'ক' মিটার ও দৈর্ঘ্য  $(\frac{৩}{২})ক$  মিটার।

প্রশ্নমতে, ক্ষেত্রফল = ৩৮৪ বর্গমিটার

বা, দৈর্ঘ্য  $\times$  প্রস্থ = ৩৮৪

বা,  $ক \times (\frac{৩}{২})ক = ৩৮৪$

বা,  $ক^2 = (৩৮৪ \times ২) / ৩ = ২৫৬$

বা,  $ক = ১৬$

তাই, প্রস্থ ১৬ মিটার ও দৈর্ঘ্য  $(\frac{৩}{২})১৬ = ২৪$  মিটার।

সুতরাং, পরিসীমা =  $২(\text{দৈর্ঘ্য} + \text{প্রস্থ}) = ২(১৬ + ২৪) = ৮০$  মিটার।

58) নিচের কোনটি মৌলিক সংখ্যা?

- 1) 87
- 2) 51
- 3) 63
- ✓ 4) 59

ব্যাখ্যা : প্রথম ছাব্বিশটি মৌলিক সংখ্যা হল : ২, ৩, ৫, ৭, ১১, ১৩, ১৭, ১৯, ২৩, ২৯, ৩১, ৩৭, ৪১, ৪৩, ৪৭, ৫৩, ৫৯, ৬১, ৬৭, ৭১, ৭৩, ৭৯, ৮৩, ৮৯, ৯৭, ১০১।

59) অনুবাদ কত প্রকার?

- ✓ 1) ২ প্রকার
- 2) ৪ প্রকার
- 3) ৩ প্রকার
- 4) ৫ প্রকার

ব্যাখ্যা : অনুবাদ ২ প্রকার। যেমন - আক্ষরিক অনুবাদ আর ভাবানুবাদ।

60) বঙ্গবন্ধু ৬-দফা দাবি পেশ করেন কত সালে?

- ✓ 1) ১৯৬৬

- 2) ১৯৭১
- 3) ১৯৪৭
- 4) ১৯৫২

ব্যাখ্যা : ছয় দফা আন্দোলন বাংলাদেশের একটি ঐতিহাসিক ও গুরুত্বপূর্ণ রাজনৈতিক ঘটনা। ১৯৬৬ সালের ৫ ও ৬ ফেব্রুয়ারি পাকিস্তানের লাহোরে অনুষ্ঠিত বিরোধী রাজনৈতিক দলগুলোর এক সম্মেলনে আওয়ামী লীগের পক্ষ থেকে শেখ মুজিবুর রহমান পূর্ব পাকিস্তানের স্বায়ত্তশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে “৬ দফা দাবি” পেশ করেন।

61)  $\log_2 (1/64)$  এর মান কত?

- 1)  $-1/6$
- 2) 6
- ✓ 3) -6
- 4)  $1/6$

ব্যাখ্যা :

62) 'Maiden speech' means-

- 1) the last speech
- ✓ 2) The first speech
- 3) a speech by a woman
- 4) the main speech

ব্যাখ্যা : A maiden speech is the first speech given by a newly elected or appointed member of a legislature or parliament.

63) What is the antonym of the word 'Compulsory'?

- 1) Obligatory
- 2) Complimentary
- ✓ 3) Voluntary
- 4) Mandatory

ব্যাখ্যা : compulsory(adjective)- Opposite optional, voluntary.

64) মানুষের রক্তে শ্বেতকণিকা ও লোহিতকণিকার অনুপাত-

- 1) ১ : ৫০০
- 2) ২ : ৭০০
- 3) ১ : ৬৫০
- ✓ 4) ১ : ৭০০

ব্যাখ্যা : প্রাপ্তবয়স্ক মানুষের দেহে শ্বেত রক্তকণিকার সংখ্যা প্রতি ঘন মিলিলিটারে ৪০০০-১১০০০(গড়ে ৭০০০)। লোহিতকণিকার তুলনায় শ্বেতকণিকার সংখ্যা অনেক কম। মানুষের রক্তে শ্বেতকণিকা ও লোহিতকণিকার অনুপাত ১ : ৭০০।

65) Choose the correct sentence:

- ✓ 1) If he works hard, he will succeed.
- 2) If he works hard, he succeeds.
- 3) If he worked hard, he succeeded.
- 4) If he would work hard, he will succeeded.

ব্যাখ্যা : If clause এ sub+V1 থাকলে then, sub+future indefinite tense হয়।

66) 'সকাল থেকে গুঁড়ি গুঁড়ি বৃষ্টি হচ্ছে' - the correct translation of this sentence is—

- 1) It is raining since morning
- 2) It has been raining for morning
- 3) It had been raining since morning
- ✓ 4) It has been raining since morning

ব্যাখ্যা : Drizzle (v) অর্থ গুঁড়ি গুঁড়ি বা খুব হালকাভাবে বৃষ্টি হওয়া। প্রদত্ত বাক্যটির সঠিক translation - 'টি হবে' It has been drizzling since morning। সঠিক - option না থাকায় উত্তর হিসেবে (ঘ) সঠিক।

67) কোনটি তৎপুরুষ সমাস?

- 1) সত্যনিষ্ঠ
- 2) যথাসাধ্য
- ✓ 3) মধুমাখা
- 4) ভালোমন্দ

ব্যাখ্যা : 'মধুমাখা' মধু দ্বারা মাখা তৎপুরুষ সমাস। এটি তৃতীয়া তৎপুরুষ সমাস। দ্বারা, দিয়া, কর্তৃক হলে তৃতীয়া তৎপুরুষ সমাস হয়।

68) সে. মি. এককে নিচের কোন বাহুগুলোর দ্বারা সমকোণী ত্রিভুজ গঠন অসম্ভব?

- 1) 6, 8, 10
- 2) 3, 4, 5
- ✓ 3) 2, 4, 8
- 4) 5, 12, 13

ব্যাখ্যা :  $3^2+4^2=5^2$

$6^2+8^2=10^2$

$$5^2+12^2=13^2$$

$$2^2+4^2 \text{ is not equal to } 8^2$$

69) কোন বানানটি শুদ্ধ?

- 1) মুমূর্ষু
- ✓ 2) মুমূর্ষু
- 3) মূমূর্ষু
- 4) মূমূর্ষু

ব্যাখ্যা : মুমূর্ষু (বিশেষণ পদ)- মরতে বসেছে এমন, মরণাপন্ন।

70) 'পতাকা' এর সমার্থক শব্দ কোনটি ?

- ✓ 1) কেতন
- 2) মার্গ
- 3) ভাজন
- 4) নলিন

ব্যাখ্যা : পতাকা - কেতন, ঝাঙা, ধ্বজা সূত্র - ভাষা-শিক্ষাঃ ড হায়াৎ মাহমুদ(সমার্থক শব্দ)

71) বাংলাদেশের 'জাতীয় গ্রন্থাগার' কোথায় অবস্থিত?

- 1) উত্তরায়
- ✓ 2) আগারগাঁও
- 3) শাহবাগে
- 4) গুলিস্তানে

ব্যাখ্যা : ১৯৮৫ সালে বাংলাদেশ জাতীয় গ্রন্থাগার আগারগাঁওতে নিজস্ব ভবনে কার্যক্রম শুরু করে। জাতীয় আর্কাইভসহ জাতীয় গ্রন্থাগারকে আর্কাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের অধীনে দেয়া হয়।

72) Find out the correct sentence-

- 1) He insisted me to go to cinema
- 2) He insisted in my going to cinema
- ✓ 3) He insisted on my going to the cinema
- 4) He insisted for my going to cinema

ব্যাখ্যা : insist on- জিদ করা।

73) 'A bolt from the blue' means-

- 1) An expected person of blue wear
- 2) An unexpected blue colour

- 3) An unexpected reward  
✓ 4) An unexpected calamity

ব্যাখ্যা : a bolt from the blue (also- a bolt out of the blue): something important or unusual that happens suddenly or unexpectedly.

74) নিচের কোনটি যোগরূঢ় শব্দ?

- ✓ 1) পঙ্কজ  
2) তৈল  
3) নবাবী  
4) মধুর

ব্যাখ্যা : যোগরূঢ় শব্দঃ সমাস নিষ্পন্ন যে সকল শব্দ সম্পূর্ণভাবে সমস্যমান পদসমূহের অনুগামী না হয়ে কোনো বিশেষ অর্থ গ্রহণ করে, তাদের যোগরূঢ় শব্দ বলে। যেমন -পঙ্কজ, রাজপুত্র, মহাযাত্রা, জলধি।

75)  $5^x + 5^x + 5^x + 5^x + 5^x =$  কত?

- 1)  $5^{5x}$   
✓ 2)  $5^{x+1}$   
3)  $25x$   
4)  $25^x$

ব্যাখ্যা :  $5^x + 5^x + 5^x + 5^x + 5^x = 5^{x+1}$

76) ১ থেকে ৪৯ পর্যন্ত ক্রমিক সংখ্যার গড় কত?

- ✓ 1) ২৫  
2) ২২  
3) ৫০  
4) ২৩

ব্যাখ্যা : ধারার সমষ্টির গড় =  $(১ম পদ+শেষ পদ)/২$   
 $=(১+৪৯)/২$   
 $=২৫$

77) বাংলাদেশের ভিতরে ভারতের কয়টি ছিটমহল ছিল?

- 1) ১১০ টি  
✓ 2) ১১১ টি  
3) ১১৪ টি  
4) ৫৫ টি

ব্যাখ্যা : বাংলাদেশে ও ভারতের মধ্যে মোট ১৬২ টি ছিটমহল ছিল। বাংলাদেশের মধ্যে ভারতের ১১১টি এবং ভারতের মধ্যে বাংলাদেশের ৫১ টি ছিটমহল বিদ্যমান ছিল। ১ আগস্ট ২০১৫ বাংলাদেশ ও ভারতের মধ্যে আনুষ্ঠানিকভাবে ছিটমহল বিনিময়ের মাধ্যমে ১৬২ টি ছিটমহলের বিলুপ্তি ঘটে।

78) জিকা ভাইরাস কোন দেশে সর্বপ্রথম ছড়ায়?

- 1) ইরাক
- 2) ভারত
- ✓ 3) ব্রাজিল
- 4) আমেরিকা

ব্যাখ্যা : জিকা' (Zika) নামটি নেয়া হয়েছে উগান্ডার ভিক্টোরিয়া হ্রদের কাছে জিকা বন থেকে। ১৯৪৭ সালে ঐ বনে খাঁচায় বন্দী রেখে একটি বানরের ওপর পীতজ্বর নিয়ে গবেষণার সময় তার দেহে একটি সংক্রামক এজেন্টের উপস্থিতি শনাক্ত করা হয়। অনেক গবেষণার পর ১৯৫২ সালে শনাক্তকৃত এজেন্টের নাম দেয়া হয় 'জিকা ভাইরাস'।

79) লর্ড রিপন কর্তৃক গঠিত শিক্ষা কমিশনের নাম কি?

- 1) লর্ড কমিশন
- 2) রিপন কমিশন
- 3) নাথান কমিশন
- ✓ 4) হান্টার কমিশন

ব্যাখ্যা : লর্ড রিপন কর্তৃক গঠিত কমিশনের নাম 'হান্টার কমিশন'।

80) বীরবিক্রম খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধাদের সংখ্যা কত?

- 1) ৬৮ জন
- 2) ৪২৬ জন
- ✓ 3) ১৭৫ জন
- 4) ৬৭৬ জন

ব্যাখ্যা : বাংলাদেশে সর্বোচ্চ বীরত্ব খেতাব বীরশ্রেষ্ঠ। মুক্তিযুদ্ধে খেতাবপ্রাপ্ত যোদ্ধার সংখ্যার ৬৭৬ জন। তাদের মধ্যে বীরশ্রেষ্ঠ ৭ জন, বীর উত্তম ৬৮ জন, বীর বিক্রম ১৭৫ জন ও বীর প্রতীক ৪২৬ জন।

81) 'পাখির নীড়ের মতো চোখ তুলে নাটোরের বনলতা সেন'-এখানে 'নীড়' শব্দটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?

- 1) নান্দনিক
- 2) পাখির বাসা
- 3) রহস্যময়
- ✓ 4) আশ্রয়

ব্যাখ্যা : 'পাখির নীড়ের মত চোখ তুলে নাটোরের বনলতা সেন' - এখানে 'নীড়' শব্দটি 'আশ্রয়' অর্থে ব্যবহৃত হয়েছে। নীড় যেমন পাখির নিরাপদ আশ্রয় ঠিক তেমনি কবির কাছে সবুজ ঘাসের দেশ নিরাপদ আশ্রয়।

82) 'নদী' এর সমার্থক শব্দ কোনটি?

- ✓ 1) সরিৎ
- 2) নগ
- 3) গিরি
- 4) বিহগ

ব্যাখ্যা : নদী শব্দের সমার্থক শব্দ - তটিনী, তরঙ্গিনী, দরিয়া, প্রবাহিনী, সরিৎ প্রভৃতি। অপরদিকে বারিধি এর সমার্থক শব্দ - সমুদ্র, উদক শব্দের সমার্থক শব্দ - পানি প্রভৃতি।

83) একটি বই ১০% ক্ষতিতে বিক্রয় করা হল। বিক্রয়মূল্য ৪৫ টাকা বেশী হলে ৫% লাভ হয়। বইটির ক্রয়মূল্য কত?

- ✓ 1) ৩০০ টাকা
- 2) ২০০ টাকা
- 3) ২৫০ টাকা
- 4) ৩৫০ টাকা

ব্যাখ্যা : ক্রয়মূল্য =  $(\text{বেশি বিক্রয় মূল্য} \times 100) / (\text{ক্ষতির \%} + \text{লাভের \%})$   
 $= (45 \times 100) / (10 + 5)$   
 $= 8500 / 15$   
 $= 566.67$

84) 'অদ্য' শব্দটি কোন ভাষারীতির উদাহরণ?

- 1) চলিত
- 2) প্রাকৃত
- 3) কোল
- ✓ 4) সাধু

ব্যাখ্যা : 'অদ্য' শব্দটি সাধু ভাষারীতির উদাহরণ। 'অদ্য' শব্দের চলিত রূপ হলো এখন।

85) কোনটি ধ্বনি বিপর্যয়ের উদাহরণ

- 1) হংস > হাঁস
- ✓ 2) লাফ > ফাল
- 3) শরীল
- 4) দুর্গা > দুগগা

ব্যাখ্যা : লাফ> ফাল - ধ্বনি বিপর্যয়ের উদাহরণ। ধ্বনি বিপর্যয় হলো শব্দের মধ্যে দুটি ব্যঞ্জননের পরস্পর পরিবর্তন।  
যেমন - বাকস> বাসক, রিকশা > রিশকা পিশাচ> পিচাশ।

86) কোনগুলো দন্ত্যধ্বনি?

- ✓ 1) ত থ দ ধ
- 2) ট ঠ ড ঢ
- 3) প ফ ব ভ
- 4) ক খ গ ঘ

ব্যাখ্যা : জিহবার ডগা উপরের পাটির দাঁতের পেছনের অংশকে স্পর্শ করে বায়ুপথে বাঁধা সৃষ্টি করে তাকে দন্ত্য ধ্বনি বলে। ত , থ , দ , ধ , ন দন্ত্য ধ্বনি।

87) সম্প্রতি নাসায় (NASA) কর্মরত কোন বাংলাদেশী জ্যোতির্বিজ্ঞানী নতুন পাঁচটি নক্ষত্র আবিষ্কার করেছেন?

- 1) শিহাব কামাল
- 2) কামাল জিহান
- 3) সালমান খান
- ✓ 4) রুবাব খান

ব্যাখ্যা : সম্প্রতি নাসায় ( NASA) কর্মরত বাংলাদেশি জ্যোতির্বিজ্ঞানী ড. রুবাব খান নতুন পাঁচটি নক্ষত্র আবিষ্কার করেন। বর্তমানে তিনি কাজ করছেন নাসা গাডার্ড স্পেস ফ্লাইট সেন্টারের একজন জেমস ওয়েব স্পেস টেলিস্কোপ (JWST) পোস্ট ডক্টরাল ফেলো হিসেবে।

88) ডাউন সিনড্রোম বলতে বুঝানো হয়-

- 1) ফলের অপরিণত বিকাশ
- 2) ধানগাছের বিশেষ রোগ
- ✓ 3) গর্ভস্থ শিশুর অপরিণত বিকাশ
- 4) নৈতিক অবক্ষয়ের লক্ষণ

ব্যাখ্যা : ডাউন সিনড্রোম (ইংরেজি : Down syndrome)( সংক্ষেপে DS বা DNS), এটা ট্রাইসোমি ২১ নামেও পরিচিত। এটি একটি জেনেটিক রোগ যেখানে ২১ নং ক্রোমোজোমে আরেকটি অতিরিক্ত ক্রোমোজোম বিদ্যমান। এই রোগে শিশুর শারীরিক বৃদ্ধি ব্যাহত হয় ও বুদ্ধিমত্তা স্বাভাবিকের তুলনায় কম থাকে।

89) বায়ু দূষণের জন্য প্রধানত দায়ী-

- ✓ 1) কার্বন মনোক্সাইড
- 2) নাইট্রোজেন
- 3) কার্বন ডাইঅক্সাইড
- 4) অক্সিজেন

ব্যাখ্যা : কার্বন মনোক্সাইড(CO) : পেট্রোল, ডিজেল এবং কাঠ সহ নানা ধরনের কার্বন-যুক্ত জ্বালানি আধিপোড়া হলে এই রঙবিহীন গন্ধবিহীন গ্যাসটি তৈরি হয়। সিগারেট পোড়ালেও এই গ্যাস বের হয়। এই গ্যাস আমাদের রক্তে অক্সিজেন গ্রহণের পরিমাণ কমিয়ে দেয়। এই গ্যাসের প্রতিক্রিয়ায় আমাদের প্রতিবর্ত ক্রিয়া ক্ষতিগ্রস্ত হয় এবং সব সময় বিষমোহিত ভাব আসে। বিভিন্ন ব্যাপারে সিদ্ধান্তহীনতারও শিকার হতে হয়।

90) He talks as though-

- 1) he is a child
- ✓ 2) he were a child.
- 3) he has been a child
- 4) he was a child

ব্যাখ্যা : As if / As though এর প্রথম অংশে Present Indefinite tense থাকলে পরের অংশে past Indefinite tense হয়। তবে এক্ষেত্রে be verb - টি সর্বদা were হবে। আর প্রথম অংশে Past Indefinite tense থাকলে পরের অংশে Past Perfect tense হয়।

91) কোনটি ওষ্ঠ্য ধ্বনি?

- 1) ঙ
- ✓ 2) ম
- 3) র
- 4) চ

ব্যাখ্যা : 'ম' ওষ্ঠ্য ধ্বনি। এরূপ প, ফ, ব, ভ। এগুলো উচ্চারণের সময় ওষ্ঠের সাথে অধরের স্পর্শ ঘটে।

92) ফেসবুক প্রতিষ্ঠা করা হয় কত সালে?

- 1) ২০০০
- ✓ 2) ২০০৪
- 3) ২০০৫
- 4) ২০০৩

ব্যাখ্যা : ফেসবুক ২০০৪ সালের ফেব্রুয়ারি মাসে প্রতিষ্ঠা করেন মার্ক জাকারবার্গ। তিনি একজন আমেরিকান কম্পিউটার প্রোগ্রামার ও সফটওয়্যার ডেভেলপার। তার পুরো নাম মার্ক এলিয়ট জাকারবার্গ। তিনি বর্তমান ফেসবুকের প্রধান নির্বাহী কর্মকর্তা এবং প্রেসিডেন্ট।

93) What is the noun of the word 'Confess'?

- ✓ 1) Confession
- 2) Confusion
- 3) Confessionably
- 4) Confess

ব্যাখ্যা : Confess (v) - স্বীকার করা / অপরাধ বা পাপের স্বীকারোক্তি দেয়া এবং এ শব্দটির Noun form হচ্ছে - Confession যার অর্থ স্বীকারোক্তি / অপরাধ স্বীকার। অন্যদিকে Confusion (n) - বিশৃঙ্খলা / বিভ্রান্তি

94) একই সুদে ৫০০ টাকার ৪ বছরের সুদ এবং ৬০০ টাকার ৫ বছরের সুদ একত্রে ৪০০ টাকা হলে সুদের হার কত?

- 1) 6%
- 2) 10%
- ✓ 3) 8%
- 4) 12%

ব্যাখ্যা : মনেকরি,

সুদের হার r

এখন,

$$৫০০ \times ৪ \times r / ১০০ + ৬০০ \times ৫ \times r / ১০০ = ৪০০$$

$$\text{বা, } ২০r + ৩০r = ৪০০$$

$$\text{বা, } ৫০r = ৪০০$$

$$\text{বা, } r = ৪০০ / ৫০ = ৮\%$$

95) বৃত্তের কেন্দ্রস্থিতকারী জ্যা কে কি বলে?

- 1) বৃত্তচাপ
- ✓ 2) ব্যাস
- 3) পরিধি
- 4) ব্যাসার্ধ

ব্যাখ্যা : বৃত্তের কেন্দ্রস্থিতকারী জ্যা কে ব্যাস বলে।

96) কোনটি মৌলিক স্বরধ্বনি?

- 1) ঙ্গ
- 2) ঐ
- 3) ঔ
- ✓ 4) এ

ব্যাখ্যা : 'এ' মৌলিক স্বরধ্বনি। মৌলিক স্বরধ্বনি বিশ্লেষণ করলে অন্য কোনো স্বরধ্বনি পাওয়া যায় না। যেমন পাওয়া যায় যৌগিক ধ্বনি থেকে ( ঐ - ও + ই ধ্বনি)।

97) He went to bed after \_\_\_\_

- 1) he would learn his lessons.

- 2) he will learn his lessons.
- 3) he had learns his lessons.
- ✓ 4) he had learnt his lessons.

ব্যাখ্যা : Past Perfect tense - এ দুটি কাজের উল্লেখ থাকে এবং before অথবা after ব্যবহৃত হয়। Before - এর আগে Past perfect অর্থাৎ sub + had + v3 এবং পরে Past Indefinite অর্থাৎ Sub + V2 ব্যবহৃত হয়। আর after থাকলে নিয়মটি সম্পূর্ণ উল্টে যাবে অর্থাৎ প্রথমে past Indefinite এবং পরে Past Perfect tense হবে।

98) সম্প্রতি বাংলাদেশে কোন বিরল রোগে আক্রান্ত রোগীর সন্ধান পাওয়া গেছে?

- 1) ল্যাসা জ্বর
- 2) চিকন গুনিয়া
- ✓ 3) ট্রিম্যান
- 4) অ্যান্থ্রাক্স

ব্যাখ্যা : 'এপিডার্মোডিসপ্লাসিয়া ডেরাসিফরমিস' নামক এক বিরল প্রজাতির রোগ। এ রোগটি 'ট্রি - ম্যান (বৃক্ষ মানব) সিনড্রোম' নামে পরিচিত। হিউম্যান প্যাপিলোমা ভাইরাসের (এইচপিডি) সংক্রমণে এ রোগ হয়। এ রোগে আক্রান্ত - ব্যক্তির হাত - পা অনেকটা গাছের শিকড়ের মত আকার নেয়। সারা বিশ্বে এ পর্যন্ত চারজন ট্রি - ম্যান (বৃক্ষমানব) সিনড্রোম আক্রান্ত ব্যক্তির তথ্য জানা যায়।

99) 'পড়ায় আমার মন বসে না'-এখানে পড়ায় কোন কারকে কোন বিভক্তি?

- 1) অধিকরণ কারকে ৭মী বিভক্তি
- 2) অপাদান কারকে ৭মী বিভক্তি
- 3) করণ কারকে ৭মী বিভক্তি
- ✓ 4) কর্ম কারকে ৭মী বিভক্তি

ব্যাখ্যা : 'পড়ায় আমার মন বসে না' - এখানে 'পড়ায়' কর্ম কারকে ৭মী বিভক্তি। কিসে প্রশ্ন করলে 'পড়া' পাওয়া যায় যেহেতু এটি কর্মকারক।

100) একটি সমদ্বিবাহু ত্রিভুজের সমান বাহুদ্বয়ের প্রত্যেকটির দৈর্ঘ্য ১০ সে.মি এবং বাহুদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ ৪৫ হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গ সে.মি?

- 1)  $25\sqrt{5}$
- ✓ 2)  $25\sqrt{2}$
- 3) 30
- 4) 25

ব্যাখ্যা : একটি সমদ্বিবাহু ত্রিভুজের ক্ষেত্রফল  $= \frac{1}{2} ab \sin C$   
 $= \frac{1}{2} 10 * 10 \sin 45$  বর্গ সে.মি  
 $= 25\sqrt{2}$  বর্গ সে.মি

---

ঘরে বসেই পড়ুন আর পরীক্ষা দিন [হ্যালো বিসিএস এপে](#)। ওয়েবসাইট এক্সেস দিতে [ক্লিক করুন](#)। [live.hellobcs.com](#)

Hello BCS